

প্রেস রিলিজ
১০ অক্টোবর ২০২৪



বাউবির নতুন উপ-উপাচার্য হলেন অধ্যাপক ড. দিল রওশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) নতুন উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন। বুধবার মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন-এর আদেশক্রমে উপ-সচিব মো. শাহীনের ইসলাম স্বাক্ষরিত বিজ্ঞপ্তি সূত্রে তিনি এ নিয়োগ পান।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ধারা ১৪ (১) অনুসারে অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীনকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুরের উপ-উপাচার্য পদে নিয়োগ দেওয়া হয়েছে।

আগামী চার বছরের জন্য তিনি এ দায়িত্ব পালন করবেন। বর্তমান পদের সম পরিমাণ বেতন ভাতা এবং বিধি অনুসারে পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। এছাড়াও তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একজন জ্যেষ্ঠ অধ্যাপক। তিনি স্বনামধন্য রাষ্ট্রবিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এমাজেউদ্দিন আহমদের মেয়ে। ড. দিল রওশন দেশ বিদেশে অসংখ্য গবেষণা প্রবন্ধ, জার্নাল সম্পাদনা ও আন্তর্জাতিক কনফারেন্সে প্রবন্ধ উপস্থাপন করেছেন। স্থানীয় সরকার, জেল্ডার ইস্যু, রাজনীতি এবং শান্তি-সংঘর্ষ ইত্যাদি বিষয়ে তার গবেষণা কর্ম উন্নত বিশ্বেও প্রশংসা কুঁড়িয়েছে।

মো:খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি
মোবাইল নং ০১৭১১৭৩২৬৫৮